

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

মেট্রোরেল ভবন

এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ

সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০

www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়বদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

উত্তরা উত্তর হতে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-6 এর নির্মাণ কাজ লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ৩১ মে ২০২৫ তারিখ পর্যন্ত উত্তরা উত্তর হতে মতিবিল পর্যন্ত অংশের বাস্তব গড় অগ্রগতি ৯৯.১৭%। মতিবিল থেকে কমলাপুর পর্যন্ত অংশের পূর্ত কাজের অগ্রগতি ৫৫.৫০%।

প্যাকেজিভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৯টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ মে ২০২৫ তারিখ পর্যন্ত প্যাকেজিভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়ে গত ২০ জুন ২০২২ তারিখ শেষ হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়ে গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ শেষ হয়েছে। এই প্যাকেজ দুইটির পূর্ত কাজের সমন্বিত বাস্তব অগ্রগতি ১০০%।

মতিবিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার ভায়াডাক্ট ও ১টি স্টেশন নির্মাণ: MRT Line-6 মতিবিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার কাজ পুরোদমে এগিয়ে চলছে। মে ২০২৫ তারিখ পর্যন্ত মোট ১৭৭ টি পাইলের মধ্যে সকল পাইল, ৬১টি পাইলক্যাপের মধ্যে ৫৯টি পাইলক্যাপ, ৩৯টি পিয়ারের মধ্যে ৩৭টি পিয়ার এবং ৩০ টি স্টেশন কলামের মধ্যে সকল স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা কন্ট্রাকশন ইয়ার্ডে ১৯৮টি প্রিকাস্ট সেগমেন্টের মধ্যে শতভাগ প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ২৭টি স্প্যান এর মধ্যে ১৩টি স্প্যান উত্তোলন সম্পন্ন হয়েছে। মোট ১৮০ মিটার দৈর্ঘ্যের কনকোর্স ছাদের মধ্যে ১৮০ মিটার এবং ১৮০ মিটার ট্র্যাক স্ল্যাব এর মধ্যে ১৮০ মিটার ট্র্যাক স্ল্যাব ঢালাই সম্পন্ন হয়েছে। এছাড়া ৮২৪টি প্রিকাস্ট প্যারাপেট ওয়াল এর মধ্যে সকল প্রিকাস্ট প্যারাপেট ওয়াল তৈরি সম্পন্ন হয়েছে। এই পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি ৫৫.৫০%।

- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়ে গত ৩০ জুন ২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিবিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়ে গত ৩০ জুন ২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।

- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৯.১৮%।
- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। ট্রেন ও স্থাপনার রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ডিপো ইকুইপমেন্ট উত্তরা ডিপোতে সরবরাহ ও স্থাপনের কাজ চলমান আছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৯৭.৮০%।
- **প্যাকেজ-০৯ Enterprise Resource Management System (ERMS):** ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর প্যাকেজ CP-09 এর আওতায় ডিএমটিসিএল-এর অফিস ব্যবস্থাপনা অটোমেশন করার নিমিত্ত Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের জন্য গত ০৯ মে ২০২৪ তারিখ পুনঃদরপত্র আহ্বান করা হয়েছিল। গত ১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখ দরপত্র জমাদান শেষে একই দিন বেলা ২:৩০ ঘটিকায় দরপত্র উন্মুক্ত করা হয়। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দুইটি প্রতিষ্ঠান দরপত্র জমাদান করে। কারিগরি মূল্যায়ন প্রতিবেদনটি জাইকা NOC এর জন্য গত ০৯ অক্টোবর ২০২৪ তারিখ জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত প্রতিবেদনের উপর গত ০৫ নভেম্বর ২০২৪ তারিখ জাইকা হতে কিছু Comments/Query পাওয়া যায়। জাইকার মন্তব্যগুলি সম্বিশেপূর্বক পুনরায় কারিগরি মূল্যায়ন প্রতিবেদনটি গত ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ জাইকা বরাবর প্রেরণ করা হয়। জাইকা হতে গত ২২/১২/২০২৪ তারিখ কারিগরি মূল্যায়ন এর NOC পাওয়া গেছে। মূল্যায়ন কমিটি কর্তৃক আর্থিক মূল্যায়ন শেষে গত ০২/০২/২০২৫ তারিখ আর্থিক মূল্যায়ন প্রতিবেদনটি জাইকা বরাবর প্রেরণ করা হলে গত ২৪/০২/২০২৫ তারিখ জাইকা হতে আর্থিক মূল্যায়ন প্রতিবেদনটির উপরে কিছু মন্তব্য প্রেরণ করা হয়েছে। জাইকার মন্তব্য ও পরামর্শ অনুযায়ী সংশোধনপূর্বক আর্থিক মূল্যায়ন প্রতিবেদনটি পুনরায় গত ১০ মার্চ ২০২৫ তারিখ জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে। গত ২১ এপ্রিল ২০২৫ তারিখ অনুষ্ঠিত ডিএমটিসিএল-এর ৬৮তম বোর্ড সভায় Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের জন্য ব্যয় হাসকল্পে এবং অধিকতর প্রতিযোগিতামূলক করার নিমিত্ত রি-টেন্ডারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত হয়।